43

দৈনিক বাংলা

তারিখ 30 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

## এসএসসি ঃ চট্টগ্রামে ভুয়া প্রশ্নপত্র বিক্রি

স্টাফ রিপোর্টার ঃ চট্টগ্রাম, ২৯ এপ্রিল।- অংক প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে একশ্রেণীর প্রতারক চট্টগ্রামের বিভিন্ন স্থানে হাতে লেখা প্রশ্নের ফটোকপি বিক্রি করে বেশ কিছু টাকা কামিয়ে নিয়েছে। খোলা বাজারে বিক্রীত এ সমস্ত প্রশ্নের উপর বিশ্বাস রেখে যে সকল পরীক্ষার্থী চড়া মূল্যে প্রশ্ন কিনে, প্রস্তুতি নিয়ে হলে গেছে পরীক্ষার হলে গিয়ে তাদেরকে

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### এসএসসি ঃ চট্টগ্রামে

(প্রথম পৃষ্ঠার পর)

হতাশ হতে হয়েছে।

প্রতারক ব্যবসায়ীরা অংক প্রশ্নের ক, খ, গ সেট প্রশ্নের নামে যে সমস্ত প্রশ্নপত্র বিক্রি করে তার মধ্যে আজকের পরীক্ষার হলে বন্টনকৃত প্রশ্ন 'গ' সেট প্রশ্নের সাথে দু'চারটি ছাড়া কোন মিল পাওয়া যায়নি।